দৈনিক বাংলা

তারিখ ... 09 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

15

ক্ষুদে বিজ্ঞানীদের মধ্যে পুরস্কার বিতরণ

# বিজ্ঞান শিক্ষার হার ক্রমেই হ্রাস পাচ্ছে ঃ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ঃ** বিজ্ঞান ও প্রযুক্তির বিষয়ে এদেশের ক্ষুদে বিজ্ঞানীরা তাদের গবেষণার মাধ্যমে যাতে অর্থ-নীতিতে অবদান রাখতে পারে তার জন্যে বর্তমান সরকার সব ধরনের পদক্ষেপ নিচ্ছে। গত দুইদশক ধরে এদেশে বিজ্ঞান ও গবেষণার ক্ষেত্রে ক্ষুদে বিজ্ঞানীরা সরকারের কাছ থেকে যে সহায়তা পেয়েছে তা ছিল খুবই অপ্রতুল।

রোববার বিকালে বিশতম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের সমাপনী অধিবেশনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রী এ এস এইচ কে সাদেক এ কথা বলেন।

ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষা সচিব ফজলুর রহমান সভাপতিত্ব করেন। এতে আরো বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যা-লয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের পরিচালক অধ্যাপক আজিজুল হক। ক্ষুদ্রে বিজ্ঞানীদের পক্ষ থেকে শাকিল আহমদ, মেহেদী হাসান, ইপকানাজ উপমা ও নাসিফ সোয়েব চৌধুরী।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, বিজ্ঞানকে দেশ ও জনগণের কল্যাণে কাজে লাগাতে হবে। যতদিন পর্যন্ত এদেশে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন না হবে ততদিন পর্যন্ত জনগণের দুঃখ-দুর্দশা দূর হবে না। এদেশে বিজ্ঞান শিক্ষার হার ক্রমেই হ্রাস পাচ্ছে—যা মোটেও ভবিষ্যতের জন্যে শুভ নয়।

অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, সরকার দেশের প্রতিটি পুরানো জেলায় একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করার যে উদ্যোগ নিয়েছেন তা অতিদ্রুত বাস্তবায়ন করতে হবে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করতে হলে বিজ্ঞান শিক্ষার কোন বিকল্প নেই।

গত ৫ জুন থেকে ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশতম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ শুরু হয়। এটি উদ্বোধন করেন প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ। এতে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষুদে বিজ্ঞানীরা তাদের উদ্ভাবিত বিষয়াদি প্রদর্শন করে।